**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উজিরপুর, বরিশাল
www.wazirpur.barisal.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০৬৯৪.০০৩.০২.০০৮.২০২২.৬৪৫

তারিখ:- ২১ আশ্বিন, ১৪২৯
০৬ অক্টোবর, ২০২

**বিষয়: আগামী ১৮ অক্টোবর তারিখে 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী।**

সভাপতি : ফারিহা তানজিন, উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল
তারিখ : ০৬ অক্টোবর, ২০২২
সময় : সকাল ১১:০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উজিরপুর, বরিশাল।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে অবহিত করেন যে, ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মম হত্যাকান্ডের শিকার শহিদ শেখ রাসেলকে স্মরণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৮ অক্টোবর কে 'শেখ রাসেল দিবস' হিসেবে পালন এবং দিবসটিকে 'ক' শ্রেণিভূক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে। অত:পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বিস্তারিত আলোচনাক্রমে উজিরপুর উপজেলায় নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে:-

| ক্রঃ | তারিখ ও সময় | স্থান | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ১৮-১০-২০২২ সকাল ৯.০০ | উপজেলা পরিষদ চত্বর | বর্ণাঢ্য র‍্যালি, উজিরপুর আলহাজ্ব বিএন খান ডিগ্রী কলেজ হতে উপজেলা পরিষদ চত্বর পর্যন্ত | উপজেলা প্রশাসন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তর ও উপজেলার সকল সরকারি দপ্তর |
| ০২ | ১৮-১০-২০২২ সকাল ৯.১৫ | উপজেলা পরিষদ চত্বর | শেখ রাসেল এর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | উপজেলা প্রশাসন ও পরিষদ, উজিরপুর, বরিশাল |
| ০৩ | ১৮-১০-২০২২ সকাল ৯.৩০ | উপজেলা পরিষদ হলরুম | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার , আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | উপজেলা প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও উপজেলার সকল সরকারি দপ্তর |
| ০৪ | ১৮-১০-২০২২ সকাল ১১.০০ | উপজেলা পরিষদ হলরুম | সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজেলা প্রশাসন, উপজেলা প্রথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তর ও সকল সাংস্কৃতিক সংগঠন |
| ০৫ | ১৮-১০-২০২২ সুবিধাজনক সময়ে | সকল ধর্মীয় উপাসনালয় | বিশেষ মোনাজাত ও প্রার্থনা আয়োজন (উপজেলা প্রশাসন কর্তৃক উপজেলা পরিষদ জামে মসজিদে বাদ জুম্মা বিশেষ দোয়া আয়োজন) | উপজেলা প্রশাসন, উজিরপুর ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন , উজিরপুর, বরিশাল। |

(চলমান পাতা-২)

**এছাড়া অন্যান্য যে সকল বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় তা নিম্নরূপ:-**

০১. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ শেখ রাসেল দিবসের বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভায় উজিরপুর উপজেলার সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয় সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

০২. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ শেখ রাসেল দিবসের বর্ণাঢ্য র‍্যালিতে প্রাথমিক পর্যায়ের ১০০জন শিক্ষক/ছাত্র-ছাত্রী এবং মাধ্যমিক পর্যায়ের ১০০জন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের (অবশ্যই স্কুল ড্রেস থাকতে হবে) উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের সভায় অনুরোধ জনানো হয়।

০৩. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে উজিরপুর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার (বিশেষ করে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে) আয়োজনের জন্য উপজেলা মাধ্যমিক ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উজিরপুর, বরিশাল কে অনুরোধ করা হয়।

০৪. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ শেখ রাসেল দিবসের অনুষ্ঠান স্থলে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সামগ্রীসহ একটি মেডিকেল টিম প্রেরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল কে অনুরোধ করা হয়।

০৫. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ শেখ রাসেল দিবসের অনুষ্ঠান স্থলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে অফিসার ইন-চার্জ, উজিরপুর মডেল থানা-কে সভায় অনুরোধ করা হয়।

০৬. ১৮ অক্টোবর, ২০২২ তারিখ সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, উজিরপুর জোনাল অফিস, উজিরপুর-কে সভায় অনুরোধ করা হয়।

০৭. শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে নিম্নবর্ণিত প্রতিযোগিতা আয়োজনপূর্বক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী প্রতিযোগীদের নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা প্রাথমিক, মাধ্যমিক শিক্ষা দপ্তর ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উজিরপুর, বরিশাল কে সভায় অনুরোধ করা হয়।

| ক্রম. | স্তর/পর্যায়ে | প্রতিযোগিতা | প্রতিযোগিতার বিষয় | টার্গেটেড গ্রুপ/স্থান |
|---|---|---|---|---|
| ০১ | প্রাথমিক পর্যায়ে | উপস্থিত বক্তৃতা/আবৃত্তি | প্রতিপাদ্য নির্ভর | ৮-১২ বছর |
| | | চিত্রাঙ্কন | আমার তুলিতে শেখ রাসেল | |
| ০২ | মাধ্যমিক পর্যায়ে | প্রেজেন্টেশন প্রস্তুত | প্রিয় শেখ রাসেল | ১৩-১৮ বছর |
| | | কুইজ প্রতিযোগিতা | ছোট বেসিক প্রোগ্রাম এবং আইসিটি বিষয়ক | |
| ০৩ | সহকারী প্রোগ্রামার | শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন (১ম, ২য় ও ৩য়) | শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ | স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব |

(চলমান পাতা-৩)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক দিবসটি যথাযোগ্য মর্যাদা এবং ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে ও উপস্থিত সকল-কে ধন্যবাদান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

6/10/22

(ফারিহা তানজিন)
উপজেলা নির্বাহী অফিসার
উজিরপুর, বরিশাল
unowazirpur@mopa.gov.bd
ফোন: ০৪৩২৯-৫৬০০১ (অফিস)

স্মারক নম্বর: ০৫.১০.০৬.৯৪.০০২.০২.০০৫.২০২২.৬৪৫/(১০০)

তারিখ:- ২১ আশ্বিন, ১৪২৯ / ০৬ অক্টোবর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থের জন্য প্রেরণ করা হ
লো:-

০১. মাননীয় সংসদ সদস্য, বরিশাল-০২ (উজিরপুর-বানারীপাড়া)।
০২. মাননীয় সংসদ সদস্য, মহিলা সংরক্ষিত আসন-৩২৮।
০৩. জেলা প্রশাসক, বরিশাল।
০৪. পুলিশ সুপার, বরিশাল।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
০৬. মেয়র, উজিরপুর পৌরসভা, উজিরপুর, বরিশাল।
০৭. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, উজিরপর উপজেলা শাখা।
০৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
০৯. উপজেলা................................,কর্মকর্তা (সকল), উজিরপুর, বরিশাল।
১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,...................................., উজিরপুর, বরিশাল।
১১. চেয়ারম্যান,.............................., ইউপি (সকল) উজিরপুর, বরিশাল।
১২. সভাপতি/সম্পাদক......................................., উজিরপুর, বরিশাল।
১৩. জনাব......................................................., উজিরপুর, বরিশাল

6/10/22

উপজেলা নির্বাহী অফিসার
উজিরপুর, বরিশাল